## সম্পর্কিত

যুবতী মহিলাদের স্তন ক্যান্সার ফাউন্ডেশন (বি সি ওয়াই ফাউন্ডেশন) হলো একটি গৃহস্থ সহায়তা সংস্থা, যেটি কলেরোডো শহর, মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থিত। এটি একটি বিনা লাভজনক, করমুক্ত, আন্তর্জাতিক সংস্থা। আত্ম সমর্পিত মেডিকেল ডাক্তার, বিজ্ঞানী আর স্তন বিশেষজ্ঞদের নিয়ে সংগঠিত, স্বাস্থ্য আইনজীবী, নার্স, স্বাস্থ্য প্রচার বিশেষজ্ঞ,যারা স্তন ক্যান্সার পীড়িত যুবতী মহিলাদের জীবনে পার্থক্য তৈরি করার লক্ষ্যে একান্ত ভাবে আত্মসমর্পিত । এরা পীড়িত যুবতী মহিলাদের সাথে একত্রিত হয়ে ,এক পরিবার হিসেবে কাজ করে চলেছেন নিরন্তর।

## আমাদের লক্ষ্য

স্তন ক্যান্সারের বিষয়ে সচেতনতা বাড়িয়ে, যুবতী মহিলাদের জীবনকে রক্ষা করা। যথা সময়ে এ ক্যান্সার ধরা এবং তার চিকিৎসার ব্যবস্থা করা। স্তন ক্যান্সারের উন্নত গবেষণা প্রাপ্ত প্রযুক্তিকে কাজে লাগিয়ে, সব রকম প্রচেষ্টা দ্বারা যুবতী মহিলাদের স্তন ক্যান্সার থেকে মুক্ত করে একটা ক্যান্সার মুক্ত যুবতী সমাজ গড়ে তোলাই এই সংস্থার প্রধান লক্ষ্য।

## কেন আমাদের পাশে দাঁড়াবেন

১। কারণ এটি একটি করমুক্ত, নি:শুল্ক, অবৈতনিক দাতব্য সংস্থা।
২। স্তন ক্যান্সার সংক্রান্ত মৌলিক সমস্যাগুলোকে ধরা ও তার চিকিৎসা করা ছাড়াও ,ক্যান্সার প্রতিরোধে এবং ক্যানসার বিষয়ক সব সমস্যাসমাধানের লক্ষ্যে এগিয়ে চলেছে এ সংস্থা।
৩। এটি স্তন ক্যান্সারের চিকিৎসক, প্রযুক্তিমূলক গবেষক এবং সচেতনা বৃদ্ধিতে আত্মসমর্পিত কর্মীবৃন্দ দ্বারা পরিচালিত।
৪। আধুনিক গবেষণায় নিযুক্ত বিশেষজ্ঞ(এক্সপার্ট) গন,ক্যান্সার নিবারণ ও স্তন ক্যান্সার মুক্ত যুবতী সমাজ গড়ে তোলায় এক উল্লেখযোগ্য ভূমিকা নেবে।

## আপনি কিভাবে আমাদের সাহায্য করতে পারেন

১। দেশের স্বার্থে ,সমাজের কল্যাণে নিজে থেকে এগিয়ে আসুন।
২। নিজের আক্রান্ত জীবনের গল্প অন্যকে জানান।
৩। একটা বড় ফান্ড বানানোর জন্য কাজ করুন। নিজে সাধ্যমত দান করুন। দান করুন।

### যোগাযোগ অথবা - দান করুন

https://www.breastcancerinyoungwomen.org
bcywf@breastcancerinyoungwomen.org

# যুবতী মহিলাদের স্তন ক্যান্সার ফাউন্ডেশন

গ্লোবাল পার্টনারস্


# যুবতী মেয়েদের যুবতী মেয়েদের


## ১ স্তন ক্যানসার




১। মহিলাদের যাবতীয় ক্যান্সারের মধ্যে এটা এক নম্বর ক্যানসার।
২। সব বয়সের মহিলাদের স্তন ক্যান্সার প্রভাবিত করে ।
৩। ৪০ বছরের কম বয়সী মহিলাদের এটাই প্রধান ক্যানসার।
৪। ৪০ বছরের কম বয়সী মহিলাদের ক্যান্সারের মৃত্যুর প্রধান কারণই হল এই স্তন ক্যানসার।

## ২ স্তনক্যান্সারের প্রবলতা




## ৩ স্তন ক্যান্সার যুবতীদের কেন?



১। সঠিক কারণ এখনো পুরোপুরি জানা যায়নি। আরো গবেষণার দরকার এ জন্যে।
২। যে কারণগুলো জানা গেছে সেগুলো ভিন্ন ভিন্ন ধরনের। ৮৫ শতাংশ ক্ষেত্রে পারিবারিক ক্যান্সারের কোন সম্পর্ক নেই যুবতী মেয়েদের স্তন ক্যানসারের সাথে।
৩। দশ থেকে পনেরো শতাংশ জিন সংক্রান্ত কারণ জড়িয়ে আছে এ ক্যান্সারের কারণ হিসেবে।

## ৪ যুবতী মেয়েদের স্তন ক্যান্সারের চ্যালেঞ্জগুলো কী কী?


বাহক থেকেই প্রতিরোধ করার চ্যালেঞ্জ


অর্থনৈতিক সমস্যা


সামাজিক বৈষম্যের সমস্যা


এ বয়সে পরিবারের কাঠামো কে ঠিক করে ধরে রাখা


বংশ পরম্পরাকে ধরে রাখার সামাজিক চাপ ও দুশ্চিন্তা

## ৫ স্তন ক্যান্সারের লক্ষণ যেগুলো



১। ব্যথা বিহীন গাঁট- এ ক্যান্সারের প্রথম লক্ষণ।
২। স্তনের চামড়া মোটা হওয়া, কিংবা কমলালেবু ছালের মতো স্তনের চামড়ার ভাব।
৩। স্তনের জায়গায় জায়গায় ফুলে ওঠা, লাল হওয়া অথবা ব্যথা ব্যথা ভাব।
৪। অস্বাভাবিক স্তনের পরিবর্তন- আকার ,আকৃতি ও চামড়ার।
৫। নিপিলের অস্বাভাবিক পরিবর্তন । ভিতরের দিকে ঢুকে যাওয়া কিংবা রক্তক্ষরণ।
৬। ক্যান্সার প্রসারের(স্প্রেড হওয়ার) লক্ষণ গুলো হল: ক্ষুধামন্দ, কাশি না কমা, হাড়ে যন্ত্রণা অথবা শরীরের কম্পন (সিজার) ইত্যাদি।

## ৬ নিজে নিজের স্তনের যত্ন ও পরীক্ষা করুন নিয়মিত



১। নিজেই নিজের স্তনের যত্ন করা শিখুন ও নিয়মিত পরীক্ষা করুন। মাসে অন্তত একবার, বিশেষত স্নানের সময়। মাসিকের (মেনস্টুরেশন এর) ছয় সাত দিন বাদে করলে ভালো ভাবে বোঝা যায় যেকোনো এবনরমালিটি।
২। নিজের স্তন নিজে কী করে পরীক্ষা করবেন তা একবার বিশেষজ্ঞের কাছে শিখে নিন।
৩। শুধু স্তন নয় ,বগলের (আর্ম পিটের)মধ্যে ও এ গাঁড় ছড়ায়। বগলটা(আর্ম পিট) ওপরীক্ষা করা শিখুন।
৪। সময় মত ধরতে পারলে এ রোগ থেকে মুক্তি পাওয়া যায় ।

## ৭ উপেক্ষা করবেন না - মনোযোগ দিন



১। নিয়মিত পরীক্ষায় যদি আপনি কোন অস্বাভাবিকতা লক্ষ্য করেন আপনার স্তনে, তাহলে অবহেলা করবেন না। অতি সত্তর বিশেষজ্ঞের সাথে যোগাযোগ করুন।
২। নিজের অথবা অন্য যে কারোর পরামর্শে চলবেন না।
৩। নিজের স্তন পরীক্ষা মতো শিখলে আগেভাগে এ ক্যান্সার ধরা যায় আর এ মৃত্যুদায়ী ক্যান্সার থেকে মুক্তি পাওয়া যায়।
৪। নিজে সুস্থ হন আর অন্য যুবতী মেয়েদেরকে ও সুস্থ রাখার জন্য দৃঢ়প্রতিগ্রহণ প্রতিজ্ঞ হোন। আপনি কোনও অস্বাভাবিক স্তন পরিবর্তন অনুভব করেন, আপনার চিন্তাগুলি নিয়ে স্তন ডাক্তারের সাথে পরামর্শের জন্য যোগাযোগ করুন। স্ব-স্তন পরীক্ষা আপনাকে আপনারই ধরতে পারে সময়োচিত গাঠিদের পরিচ্ছেদ পরিষ্কার করতে।

স্তনক্যান্সার সচেতনতা **আজকে**
স্ব-স্তন পরীক্ষা
প্রতিরোধমূলক স্ক্রীনিং **জীবন রক্ষা করে**
তাড়াতাড়ি ক্যান্সার ধরা **আগামীকাল**